বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
মানব সম্পদ শাখা-২
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.parliament.gov.bd

নং-১১.০০.০০০০.৮০৪.১১.০৮৯.১৭.৫৯৩

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের নিম্নবর্ণিত তৃতীয় শ্রেণীর (গ্রেড নং ১১-১৯) পদসমূহে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | পদ সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | হিসাবরক্ষণ সহকারী | ১২৫০০-৩০২৩০/- গ্রেড-১১ | ০১ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রী। |
| ২. | ক্যাটালগার | ১২৫০০-৩০২৩০/- গ্রেড-১১ | ০২ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা। |
| ৩. | বিতর্ক সহ-সম্পাদক | ১১৩০০-২৭৩০০ গ্রেড-১২ | ০১ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী। সম্পাদনা কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪. | লেজিসলেটিভ এ্যাসিস্ট্যান্ট | ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০২ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রী। |
| ৫. | ইন্সপেক্টর (এস্টেট) | ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০১ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী অথবা কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল)। |
| ৬. | ফটোগ্রাফার স্টীল | ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০১ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ ফটোগ্রাফীর উপর সনদ থাকিতে হইবে অথবা কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাশসহ ফটোগ্রাফীতে ডিপ্লোমা। |
| ৭. | টিভি টেকনিশিয়ান | ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০১ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাশ এবং ২ বৎসরের ট্রেড সার্টিফিকেটসহ বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৮. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩ | ০৮ | (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক ডিগ্রী।<br>(২) বাংলা সাঁট-লিপি ও কম্পিউটারে Word Processing/Data Entry সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৩০ শব্দ অথবা ইংরেজী সাঁটলিপি ও কম্পিউটারে Word Processing/Data Entry সর্বনিম্ন যথাক্রমে ৭০ ও ৪০ শব্দের গতি থাকিতে হইবে।<br>(৩) Word Processing, Spread Sheet Analysis, Database এবং Presentation এ দক্ষ হইতে হইবে। |
| ৯. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ১০২০০-২৪৬৮০ গ্রেড-১৪ | ০৯ | (১) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী।<br>(২) Operator "Standard Aptitude Test" এ উত্তীর্ণ হইতে হইবে।<br>(৩) বাংলা ও ইংরেজী টাইপিং এ গতিসীমা যথাক্রমে ২০ ও ২৫ শব্দ। |
| ১০. | গ্রন্থাগার সহকারী | ১০২০০-২৪৬৮০ গ্রেড-১৪ | ০২ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা। |
| ১১. | সহকারী সিকিউরিটি ইন্সপেক্টর | ১০২০০-২৪৬৮০ গ্রেড-১৪ | ০৩ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী এবং উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চিসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। মহিলাদের ক্ষেত্রে ৫ ফুট ২ ইঞ্চি উচ্চতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ১২. | প্রুফ রিডার | ১০২০০-২৪৬৮০ গ্রেড-১৪ | ০১ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস। প্রুফ রিডিং এ অন্যূন ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৩. | এ্যাম্বুলেন্স ড্রাইভার | ৯৭০০-২৩৪৯০ গ্রেড-১৫ | ০২ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৮ম শ্রেণী পাস এবং ভারী যানবাহন চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। |
| ১৪. | ড্রাইভার | ৯৭০০-২৩৪৯০ গ্রেড-১৫ | ১৬ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৮ম শ্রেণী পাশ এবং ভারী যানবাহন চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। |
| ১৫. | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬ | ০৮ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচএসসি পাস। কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing ইত্যাদিতে গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২০ ও ৩০ শব্দ। |
| ১৬. | সিকিউরিটি এ্যাসিস্ট্যান্ট | ৮৮০০-২১৩১০ গ্রেড-১৮ | ১৪ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এইচ.এস.সি পাস এবং ৫ ফুট ৬ ইঞ্চি উচ্চতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। মহিলাদের ক্ষেত্রে ৫ ফুট ২ ইঞ্চি উচ্চতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। আনসার/ভিডিপি'র মৌলিক প্রশিক্ষণের সনদপ্রাপ্ত হইতে হইবে। |
| ১৭. | এপিএই অপারেটর/ মাইক অপারেটর | ৮৮০০-২১৩১০ গ্রেড-১৮ | ০১ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এসএসসি পাস। মাইক অপারেটরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৮. | মোয়াজ্জিন | ৮৫০০-২০৫৭০ গ্রেড-১৯ | ০৩ | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন আলীম এবং ক্বারীয়ানা পাস হইতে হইবে। তাঁহাকে সুকণ্ঠের অধিকারী হইতে হইবে। |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:

# শর্তাবলী

| | |
|---|---|
| ১. | আবেদনকারীকে (ক) পূর্ণ নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ ও ২৮/১১/২০১৯ তারিখে সঠিক বয়স (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক উপ-সচিব, মানব সম্পদ শাখা-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় ডাকযোগে আবেদনপত্র আগামী ২৮/১১/২০১৯ তারিখের মধ্যে পৌছাতে হবে। ডাকযোগে ব্যতীত প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। |
| ২. | প্রার্থীর বয়সসীমা ২৮/১১/২০১৯ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স সম্পর্কে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়সসীমা ৩২ বছর। |
| ৩. | আবেদনপত্রের সাথে (সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবিযুক্ত সিলসহ) (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের কপি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর /পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র (ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি (ঙ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং (চ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। |
| ৪. | সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না)। |
| ৫. | আবেদনকৃত খামের ওপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে এবং অব্যবহৃত ৬/-(ছয়) টাকার ডাকটিকেট সংযুক্ত অপর একটি খামের ওপর প্রার্থীর পূর্ণ ঠিকানা (যোগাযোগের ঠিকানা) উল্লেখপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| ৬. | কোনো ব্যক্তিকে জাতীয় সংসদ সচিবালয়ের সাংবাৎসরিক দৈনিকভিত্তিক পদে নিয়োগ করা হয়ে থাকলে উল্লিখিত ব্যক্তির সাংবাৎসরিক ভিত্তিতে নিযুক্তকালীন সংসদ সচিবালয়ের কোনো শূন্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সর্বোচ্চ বয়ঃসীমা ও প্রশিক্ষণ সংক্রান্ত যোগ্যতা শিথিল করা যেতে পারে। |
| ৭. | মাননীয় স্পীকার, ডেপুটি স্পীকার, চীফ হুইপ, সংসদ উপনেতা, বিরোধীদলীয় নেতা, বিরোধীদলীয় উপনেতা ও হুইপগণের কার্যালয়ে কর্মরত কোনো বহিরাগত কর্মকর্তা বা কর্মচারী উক্ত পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমার মধ্যে নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে তার নিযুক্তকালীন কার্যকালের জন্য অন্যান্য যোগ্যতা সাপেক্ষে সংসদ সচিবালয়ের কোনো শূন্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যেতে পারে। প্রমাণক হিসেবে নিয়োগপত্র দাখিল করতে হবে। |
| ৮. | অসমাপ্ত ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ৯. | নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। |
| ১০. | প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে:<br>(ক) সরকারি বিধি-বিধান মোতাবেক সরকার নির্ধারিত জেলা ও অন্যান্য কোটা সংরক্ষণ করা হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত পিতা/মাতার মুক্তিযুদ্ধের সনদপত্র এবং মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। এক জেলার প্রার্থী অন্য জেলা হতে আবেদন করতে পারবে না।<br>(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সাথে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং এর সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।<br>(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| ১১. | আবেদনকারীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রার্থী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। |
| ১২. | আবেদনপত্রের সাথে সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) ১-০২০১-০০০১-২০৩১ নম্বর কোডে জমাদানপূর্বক চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| ১৩. | কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ১৪. | নিয়োগ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের www.parliament.gov.bd এই ওয়েব সাইটে পাওয়া যাবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত তথ্য এই ওয়েব সাইটে পাওয়া যাবে। |

Rahman
১৩/১০/১৯

(রুমানা রহমান শম্পা)
উপ সচিব
মানব সম্পদ শাখা-২
বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
ফোন : ৯১২৫৩৮৭